English Care
By
Russel Mahmmud
Alhaj Taher Uddin Memorial High School
Hello:01764649494

Right Forms of Verbs

1. Present Indefinite Tense এর subject যদি third person singular number হয় তাহলে verb এর শেষে s, es যোগ হবে। কিন্তু অন্য কোন tense এর ক্ষেত্রে হবে না।

- He **eats** rice. He **plays** football.

Present Indefinite Tense এর subject যদি plural number হয় তাহলে verb এর শেষে s/es যোগ হবে না।

- They **play** football. They **eat** rice.

2. Present Indefinite Tense এর subject, third person singular number হলেও সেটি যদি negative sentence হয় তাহলে does not ব্যবহৃত হবে। তখন verb এর শেষে s/es যোগ হবেনা।

- He **does not go** to school. Ashish **does not** eat rice.

3. Past tense or future tense হলে verb এর শেষে s/es যোগ হবে না। তখন সেই tense এর structure অনুযায়ী verb বসবে।

- He **went** to school. He **will go** to school.

4. দুটি Singular subject যদি and দ্বারা যুক্ত থাকে এবং তারা যদি একই অর্থ বা ভাব প্রকাশ করে, তবে সেক্ষেত্রে verb এর singular form হয়। অন্যদিকে দুই বা ততোধিক Singular subject এর পূর্বে যদি each, every এবং no ব্যবহৃত হয় তবে সে ক্ষেত্রে verb এর Singular form হয়।

- Bread and butter (be) my favorite food. **Ans:** Bread and butter is my favorite food.
- His name and address (be) here. **Ans:** His name and address is here.

5. Anybody, anyone, anything, nobody, no one, nothing, somebody, someone, something. everybody everyone, everything ইত্যাদি subject হিসেবে singular verb গ্রহণ করে।

- Everyone (wish) to be happy. **Ans:** Everyone wishes to be happy

6. Modal Auxiliary verb (যেমন: can, could, may, might, shall, should, will, would, ought to, need, dare, have to, must etc.) এর পরে verb এর present form বসে এবং verb এর সাথে কোন কিছু যোগ হয় না।

- He **can do** the work. I **shall go** to the school.

7. Sentence এ যদি always, sometimes, daily, everyday, often, never, seldom, frequently normally, occasionally, generally, regularly, usually ইত্যাদি শব্দ থাকে সেক্ষেত্রে Sentence টি present indefinite হয়।

- He never **(tell)** a lie. **Ans:** He never tells a lie.

8. বাক্যটি যদি universal truth (চিরন্তন সত্য) হয়, habitual fact (অভ্যাসগত কাজ) বোঝায় তাহলে present indefinite tense হবে।

- The **sun rises** in the east. **Ice floats** on water.

9. Now, at present, at this moment এই তিনটি সময় জ্ঞাপক word যুক্ত sentence এর verb সাধারনত present continuous হয়।

- Now she (be) going to make a cake. **Ans:** Now she is going to make a cake.

10. Sentence টি passive voice হলে এবং modal auxiliary verb (can, could, may, might, shall, should, will, would, ought to, need, dare, have to, must etc.) এর পরে be + past participle form of verb বসে।

- It **can be done** by you. **All the fruits could be** taken.

11. Had, rather, let, would better, had better, need not, do not, does not, did not, did never, ইত্যাদি এর পর present form of verb বসে।

- I **let them use** my shoes. **I had better go** to the market by this time.

12. বাক্যে have/has থাকলে সেটি present perfect tense হবে।

- He **has done** the work. They **have eaten** rice.

13. Sentence এ yet, just, just now, recently, already, lately, ever ইত্যাদি থাকলে present perfect tense হবে।

- He has taken his lunch just now. They have already come home.

14. Sentence এ yesterday, ago, long ago, last year, last week, last month, that day, day before, ইত্যাদি থাকলে past indefinite tense হবে।

- I **went** to Cox's Bazar **last month.** **A long time ago**, there **lived** a poor farmer.

15. To এর পরে সবসময় verb এর present form বসে।

- You need **to do** the work in time. He went to the market **to buy** a shirt.

16. Since বা for এর পর সময়ের উল্লেখ থাকলে সেটি present perfect continuous tense হবে।

- **He has been doing the work since** the morning. **It has been raining** for two hours.

17. If দ্বারা যুক্ত clause টি যদি present indefinite tense হয় তাহলে পরের clause টি future indefinite tense হবে।

- **If he comes, I'll go.** **If you work hard, you'll shine in life.**

18. With a view to/look forward to এর পর verb এর সাথে ing যোগ হবে।

- I'm looking forward to getting a job. I went shopping with a view to buying a shirt.

19. By এর পর verb এর সাথে ing যোগ হবে।

- She expressed her feelings **by crying**. **By digging** the land, she planted trees.

20. For, of, in, without, with, before, after ইত্যাদি preposition এর পরে verb এর সাথে ing যোগ হয়।

- I've never been tired **of going** there. She can't go **without waiting** for me.

21. Mind, would you mind, past, worth, could not help, cannot help এর পরে verb এর সাথে ing যোগ হয়।

- **Would you mind giving** me the book? **He cannot help doing** the assignment.

22. Sentence এর শুরুতে যদি would that থাকে তাহলে subject এর পর could বসে এবং এরপর verb এর present form বসে।

- Would that **I could be** a writer like Humayun Ahmed. Would that **I could buy** a Toyota car.

23. To be/having/got থাকলে verb এর past participle form হয়।

- The assignment is **to be completed** immediately. The thief ran away **having seen** the police.

24. ব্র্যাকেটে (be) থাকলে person, number এবং tense অনুযায়ী am/is/are/was/were/been হবে।

- It (be) two years ago. **It was** two years ago.
- Allah (be) everywhere. **Allah is** everywhere.

25. বর্তমান কালে চলছে এমন কোন কাজ বোঝালে present continuous tense হয়। (এসব ক্ষেত্রে সাধারণত at present/now/at the moment ইত্যাদি adverb ব্যবহৃত হয়।)

- **He is watching** the Television at this moment. **They are playing** football.

26. If + Present Indefinite + Future Indefinite (if যুক্ত clause টি present indefinite tense হলে পরের clause টি হবে future indefinite)

- **If you come**, **I'll go**. **If you drink** milk, **you will** be healthy.

27. যদি had/if যুক্ত clause টি past indefinite tense হয় তাহলে পরের clause টি তে subject এর পর would/could/might বসে এবং verb এর present form হয়।

- **If he came**, **I would go** to the market. **If I were** rich enough, **I would help** the poor.

যদি had/if যুক্ত clause টি past perfect tense হয় তাহলে পরের clause টি তে subject এর পর would have/could have/might have বসে এবং verb এর past participle form হয়।

- **If he had come, I would have gone** to the market.
- **If you had walked fast, you could have reached** the station.

28. Wish/fancy/it is time/it is high time ইত্যাদি থাকলে verb এর past tense হবে।

- I **wish I won** the first prize. It is **high time you changed** your bad habits.

29. As if/as though থাকলে were বসে।

- He speaks **as if he were** the leader.

30. Each, every, everyone, any, anyone, many a, everybody, everything, anybody, nobody, no one, nothing, anything, someone, something, one of, either, neither ইত্যাদি থাকলে verb এর singular number ব্যবহৃত হয়।

- **Each of the students was** present. **One of the students was** very talented.

31. While এর পর verb থাকলে সেটির সাথে ing যোগ হয়। কিন্তু while এর পর subject থাকলে এর অংশটি past continuous tense হয়।

- **While walking** through the zoo. **While it** was raining, **I was watching** a movie.

32. অনেক সময় একই স্থান, দৈর্ঘ্য বা পরিমাপ বোঝালে subject দেখতে plural মনে হলেও verb টি singular form হয়।

- **Twenty miles was** a long way.

33. Main clause এর verb টি past tense হলে ও পরের অংশে next day, next week, next month, next year ইত্যাদি উল্লেখ থাকলে subject এর পরে should/would বসে।

- He told that he **would** go home the next week. She said that she **would** buy land next year.

34. After এর পরের এবং before এর আগের clause টি past perfect tense হবে এবং অন্য clause টি past indefinite tense হবে।

- The train had left the station before we reached.

35. Passive voice এর সময় tense ও person অনুযায়ী auxiliary verb ও verb এর past participle form বসে।

- **English is spoken** all over the world. **We are taught** English by

36. ব্যতিক্রমগুলো ছাড়া Principle clause এর verb যদি past tense হয় তাহলে subordinate clause এর verb ও past tense হবে এবং একটি present tense হলে অন্যটিও present tense হবে।

- **He was** so ill that **he would** not go to the school. **They understood** that **he would** not come.

37. No sooner had……than. scarcely had when. hardly had before se Verb কে past participle করতে হয় এবং ২য় ব্রাকেটের Verb কে past form করতে হয়।

- No sooner had he (go) out than I (come). No sooner had he gone out than I came.

38. Before Past perfect tense-me Past indefinite tense after প্রথম অংশ Past indefinite tense-এর হলে পরের অংশ Past perfect tense হয়।

অর্থাৎ Before -এর আগের অংশ Past perfect tense এবং পরের অংশ Past indefinite tense হয়। অনুরূপ ভাবে after এর আগের অংশ Past indefinite tense এবং পরের অংশ Past perfect tense হয় ।

- The train had (leave) before Lisa (come). **Ans:** The train had left before Lisa came.

Ans: The train left after Lisa had come.

<u>39.</u> Excuse, avoid, forbid, advise, consider, forgive, stop. pardon, suggest, start. practice. prefer finish enjoy, প্রভৃতি verb গুলোর পরবর্তী মূল verb এর সাথে ing যোগ হয়।

Eva started (do) her work. Ans: Eva started doing her work.

<u>40.</u> Subject together with, along with, accompanied by, in addition to. as well as. rather than, like, unlike. but. except, besides, including, excluding, দ্বারা যুক্ত হয় তাহলে প্রথম Subject এর person ও number অনুযায়ী verb এর number নির্ধারিত হয়।

Rakib along with his friends (have been) invited to the ceremony

<u>41.</u> Desire, promise, decided, offer, wish, except, want, refuse প্রভৃতি verb গুলোর পড়ে সাধারনত to infinitive বসে।

Saddam promised (help) me. Ans: Saddam promised to help me.

<u>42.</u> Collective noun-এর পরে সাধারণত singular verb ব্যবহৃত হয়। কিন্তু Collective noun এর পরে বিচ্ছিন্নতা/ ভিন্নতা বোঝালে plural verb বসে।

The committee (be) in favour him. Ans: The committee is in favour him.

<u>43.</u> কোন Sentence এ নির্দিষ্ট পরিমাণ দৈর্ঘ্য, দূরত্ব বুঝাতে verb সর্বদা singular হয়।

Ten miles (be) a long distance. Ans: Ten miles is a long distance.

RUSSEL

44. Both, many, some, few প্রভৃতি indefinite pronoun, plural রুপ ধারণ করে এবং plural verb গ্রহন করে।
Both of them (be) my friends. Ans: Both of them are my friends.

45. Introductory there's যুক্ত বাক্যে singular noun এর কথা বলা হলে singular verb এবং plural noun এর কথা বলা হলে plural verb হয়।
There (be) a college in our village. Ans: There is a college in our village.
There (be) 300 students in our college. Ans: There are 300 students in our college.

46. ভগ্নাংশের ক্ষেত্রে কোন কিছুর একাংশ subject হলে singular verb গ্রহণ করে এবং একাংশের অর্ধেক subject হলে plural verb গ্রহণ করে।
One-third of the mango (be)rotten. Ans: One-third of the mango is rotten.

47. All-এর পরে plural verb বসে। তবে, প্রবাদ বাক্যের ক্ষেত্রে all – এর পরে singular verb বসে।
All horses (be) animals. Ans: All horses are animals.
All that glitters (be) not gold. Ans: All that glitters is not gold.

48.Interrogative sentence এ What, When, Where. Who, Which, Whose. Whom, Why, how থাকলে subject এর পূর্বে tense, person ও number অনুযায়ী to be verb বসে। to be verb না থাকলে Tense ও person অনুযায়ী do/does/ did বসে।
Why you so (laugh)? Ans: Why do you so laugh?

49. Number শব্দের পূর্বে the থাকলে singular verb এবং a থাকলে plural verb বসে।
The number of students in the class (be) small. Ans: The number of students in the class is small.
A number of boys (be) playing. Ans: A number of boys are playing.

50. Lest (পাছে ভয় হয়) শব্দের পর সর্বদা should/might হয়।
Sharna reads more lest she (fail) in the exam. Ans: Shamna reads more lest she should fail in the exam

51. Being, to be, having ইত্যাদির পর মুল verb সবসময় past participle হয়।
I want the work to be(do). Ans: I want the work to be done.

52. It is time, it is time, wish. fancy ইত্যাদি থাকলে ব্রাকেটের verb এর past form হয়।
It is time we (eat) our lunch Ans: I fancy I turned pale.
অতীত কালের নিয়মিত বা অনিয়মিত অভ্যাস বুঝালে used to -এর পরে verb-এর present form বসে।
I used to (swim) in the river. Ans: I used to swim in the river.

53. Preposition যুক্ত Subject এর ক্ষেত্রে Preposition এর আগের শব্দটি অনুসারে verb বসে।
The color of his eyes (be) blue. Ans: The color of his eyes is blue.
The mangoes of Rajshahi (be) sweet. Ans: The mangoes of Rajshahi are sweet.

54. "More than one' Singular বিবেচিত হয়। তাই এর পরের Verb-এবং Noun টি Singular হয়। কিন্তু More than এর পরে Plural হলে Verb টিও Plural হয়।
More than one (members) is absent today. Ans: More than one member is absent today.
More than fifty boys (be) running. Ans: More than fifty boys are running.

RUSSEL MAHMUD